# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২২. ২৮-৬৪

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরের আবাসিক সি-টাইপ ভবনের থাই গ্লাস (নেট সহ), গ্রিল সরবরাহ এবং স্থাপন করার দরপত্র বিজ্ঞপ্তি।**

অত্র পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সি-টাইপ ভবনের থাই গ্লাস, ফ্রেম, নেট, গ্রিল সরবরাহ এবং স্থাপনের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বিল্ডিং মেরামত/নির্মাণ কাজে অভিজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | দরপত্র নং | থাই গ্লাস ও গ্রিল স্থাপনের বিবরণঃ | | পরিমাণ | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১০০/২১-২২ | ৪.৫' × ৭' = ৫টি জানালা<br>৪.৫' × ৫.'৫ = ২টি জানালা<br>৪.৫' × ২.৫' = ২টি জনালা<br>৪.৫' × ৫' = ১ টি জানালা<br>২' × ২.৫' = ১ টি জানালা<br>৩' × ১.৫' = ১ টি জানালা | প্যাকেজ ০১ঃ ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সি-টাইপ ভবনের বিদ্যমান জানালার গ্রিল, গ্লাস সহ জানালা অপসারণ পূর্বক নতুনভাবে থাই গ্লাস উপযোগী গ্রিল (প্রতিটি জানালার চার পাশে এমএস ফ্ল্যাটবার সহ স্কয়ার বার ০৪ সুতা, বিএসআরএম মানের) সরবরাহ এবং স্থাপন। | ১১৫০ ফুট (৪৫০ কেজি) | | |
| ০২. | | | প্যাকেজ ০২ঃ ১২ টি জানালার কফি কালার কাই এ্যালুমিনিয়াম ফ্রেম, ব্লু কালার গ্লাস (৫.৫ মিলি, চায়না) ও প্লাস্টিক নেট স্থাপনের কাজ। (আনুষঙ্গিক অন্যান্য মালামাল সহ) | ২৮০ বর্গফুট | | |
| | | | | | সর্ব মোট | |

শর্তাবলীঃ-

০১। আগ্রহী দরদাতাগণ সরেজমিনে পরিদর্শন পূর্বক দরপত্র আলাদা একটি খামে আগামী **০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা** পর্যন্ত ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা, খ) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ০৭/০৬/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরদাতাগণকে অবশ্যই সীলগালা করে খামের উপরের অংশে সুস্পষ্টভাবে **"থাই গ্লাস উপযোগী গ্রিল এবং থাই গ্লাস স্থাপন"** শব্দটি লিখতে হবে।

০৪। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ ইস্যুর ১০ (দশ) দিনের মধ্যে নিজ খরচে বিদ্যমান জানালা গ্রিল, গ্লাস সহ জানালা অপসারণ এবং ফিনিশিং পূর্বক নতুন ভাবে কার্যাদেশে স্পেসিফিকেশন অনুযায়ী গ্রিল, থাই গ্লাস, ফ্রেম ও নেট স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে।

০৫। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।

০৬। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসেবে কার্যাদেশ মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।

০৭। সরবরাহকারীগণকে অত্র পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮। জানালা গ্রিল, গ্লাস সহ অপসরণ এবং ফিনিশিং পূর্বক নতুন ভাবে গ্রিল, থাই গ্লাস, ফ্রেম ও নেট স্থাপনের কাজ সন্তোষ জনকভাবে সমাপ্ত হওয়ার পর অত্র সমিতির দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি এজিএম (প্রশাসন) কর্তৃক সরজমিনে পরিদর্শন/পরিমাপ করে প্রতিবেদন দাখিলের পর বিল দাখিল সাপেক্ষে ডিডি/একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৯। যে কোন কোটেশন আংশিক বা সকল কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০। উল্লেখিত শর্তাবলী ব্যতীত অন্য কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/০৬/২২

(মোঃ মোস্তাফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ- (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)
০৩। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................................ পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
০৯। ডিজিএম, কসবা সদর জোনাল অফিস/সহঃ প্রকৌশলী, বাপবিবোর্ড, ব্রাহ্মণবাড়িয়া/
এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম-সদর দপ্তর), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১০। মেসার্স ------------------------------
১১। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিস/মাস্টার কপি।

০৪/০৬/২২

(মোঃ মোস্তাফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)